**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 02-12-2025** **Desk inCharge : Kalyan L.**

**Time: 1.30 PM** **Compiling : Sankar.M / NBR**

**DEO : KB** **NRT : Anindita B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ SIR নিয়ে আলোচনার দাবিতে বিরোধী সাংসদদের স্লোগান ও হৈ-চৈ অব্যাহত থাকায় সংসদের কাজকর্ম আজ শীতকালীন অধিবেশনের দ্বিতীয় দিনেও দফায় দফায় ব্যাহত। # প্রতিবাদ বিক্ষোভ চলতে থাকায় বেলা ২-টো পর্যন্ত উভয়সভার অধিবেশনই মুলতুবি রাখা হয়েছে।

২/ সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেছেন, বিরোধীদেরই তোলা আরও অনেক ইস্যু নিয়ে সংসদে আলোচনা হওয়া প্রয়োজন।

৩/ বিহার বিধানসভার নতুন অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন প্রবীণ বিজেপি নেতা ডক্টর প্রেম কুমার।

৪/ ২০৩০ সালের মধ্যে রাশিয়া, ভারতের সঙ্গে বাণিজ্যের পরিমাণ ১০০ বিলিয়ান ডলারে নিয়ে যেতে চায় বলে মস্কো জানিয়েছে।

৫/ পাকিস্তানের জেলবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের শারীরিক অবস্থা নিয়ে জল্পনা অব্যাহত। বিরোধী সাংসদরা আজ ইসলামাবাদ হাইকোর্ট এবং আদিয়ালা জেলের সামনে বিক্ষোভ সমাবেশে সামিল হবেন বলে পাকিস্তান Tehreek-e-Insaf পার্টি জানিয়েছে।

৬/ বাংলাদেশের চট্টগ্রামে গতকাল মধ্যরাতে চার দশমিক ৯ রিখটার স্কেল মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে।

****************************************************************************

SIR আর সহ অন্যান্য ইস্যুতে আলোচনার দাবিতে বিরোধীদের প্রতিবাদ বিক্ষোভ চলতে থাকায় সংসদের উভয়সভার অধিবেশনই আজ বেলা ২-টো পর্যন্ত স্হগিত হয়ে গেছে। লোকসভায় আজ অধিবেশন শুরু হওয়ার পর বিরোধীরা উঠে দাঁড়িয়ে SIR নিয়ে আলোচনার দাবি জানান। হৈ-হট্টগোল চলতে থাকায় প্রথমে ১২-টা পর্যন্ত অধিবেশন মুলতুবি হয়ে যায়, বিরোধী নেতা কংগ্রেসের মল্লিকার্জুন খার্গে এবং সংসদ বিষয়কমন্ত্রী কিরেন রিজিজুকে এবিষয়ে কথা বলতে শোনা যায়।

(বাইট – খাড়গে-রিজিজু )

হৈ-হট্টগোল চলতে থাকায় অধ্যক্ষ বেলা ২-টো পর্যন্ত অধিবেশন মুলতুবি রাখেন।

এর আগে বেলা ১১-টায় লোকসভার অধিবেশন শুরু হওয়ার পর অধ্যক্ষ ওম বিড়লা জর্জিয়ার এক সংসদীয় প্রতিনিধি দলকে ভবনে স্বাগত জানান। এই দলের নেতৃত্বে রয়েছেন, জর্জিয়ার সংসদের সভাপতি সালভা পাপুয়াজ ভি। প্রশ্নোত্তরপর্বকালে বিরোধী সদস্যরা এস আই আর সহ বিভিন্ন ইস্যুতে শ্লোগান দেওয়া শুরু করে। এরই মধ্যে মন্ত্রীরা বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে থাকেন। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, ডিএমকে, এসপি এবং অন্যান্য বিরোধী দলের সদস্যরা এস আই আর সহ অন্যান্য ইস্যু নিয়ে আলোচনার দাবিতে শ্লোগান দিতে দিতে অধ্যক্ষের আসনের দিকে চলে আসেন। অধ্যক্ষ সভা চালানোর জন্য তাদের আসনে গিয়ে বসতে অনুরোধ করলেও বিরোধী সাংসদরা তাদের শ্লোগানে অবিচল থাকেন। প্রশ্নোত্তরপর্বের গুরুত্বের কথা মনে করিয়ে দিয়ে অধ্যক্ষ ওম বিড়লা বলেন, প্রত্যেক সাংসদের এতে অংশ নেওয়া উচিত। বারংবার আবেদন সত্ত্বেও বিরোধী সাংসদরা তাদের প্রতিবাদ বিক্ষোভে অবিচল থাকলে অধ্যক্ষ বেলা ১২-টা পর্যন্ত অধিবেশন মুলতুবি করে দেন।

রাজ্যসভাতেও বিরোধীদের প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত থাকায় এবং লোকসভার মতো পরিস্থিতি উদ্ভব হওয়ায় বেলা ২-টো পর্যন্ত অধিবেশন মুলতুবি রাখা হয়।

************************

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু এস আই আর নিয়ে বিরোধীদের সংসদের কাজকর্মে বিঘ্ন ঘটানোর সমালোচনা করে বলেছেন, তাদের নতুন কোন ইস্যু দরকার নেই। সংসদ ভবনের বাইরে সংবাদমাধ্যমকে তিনি বলেন, বিরোধীদের সংসদের কাজকর্ম বিঘ্নিত করার জন্য এখন আর নতুন কোন ইস্যু খুঁজে বেড়ানো দরকার পড়বে না। সংসদের কার্য বিষয়ক সূচিতে বিতর্কের অনেক বিষয় সরকার স্থির করেছে। সেগুলি বিরোধীদেরই উত্থাপন করা। তা নিয়ে বিতর্ক হওয়া প্রয়োজন।

এদিকে, রাহুল, প্রিয়াঙ্কা এবং সোনিয়া গান্ধী সহ বিরোধী রাজনৈতিক দলগুলির নেতা-নেত্রীরা আজ শীতকালীন অধিবেশনের দ্বিতীয় দিনে এস আই আর বন্ধ করার দাবিতে সংসদ ভবনের বাইরে প্রতিবাদ বিক্ষোভে সামিল হয়েছেন।

************************

প্রবীণ বিজেপি নেতা ডক্টর প্রেম কুমার অষ্টাদশ বিহার বিধানসভার নতুন অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন। বিধানসভার অধিবেশনে দ্বিতীয় দিনে আজ অধ্যক্ষ প্রতীম নরেন্দ্র নারায়ণ যাদব সর্বসম্মতভাবে তাঁর নির্বাচিত হওয়ার কথা ঘোষণা করেন। এর আগে ডক্টর কুমার তাঁর অধ্যক্ষ পদের জন্য মনোনয়নপত্র দাখিল করেন এবং বিনা বিরোধিতায় নির্বাচিত হন। গয়া-টাউন বিধানসভা কেন্দ্র থেকে এর আগে ডক্টর প্রেম কুমার ৯ বার বিধায়ক নির্বাচিত হয়েছেন। আগের সরকারগুলিতেও তিনি বিভিন্ন মন্ত্রকের দায়িত্ব সামলেছেন।

************************

গ্রামীণ অর্থনীতিকে মজবুত করতে গত চার বছরে সরকার সমবায় ক্ষেত্রে বহু যুগান্তকারী পদক্ষেপ নিয়েছে বলে সমবায় প্রতিমন্ত্রী মুরলিধর মহল জানিয়েছেন।

লোকসভায় আজ প্রশ্নোত্তর পর্বে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে তিনি বলেন, দেশের সমবায় সমিতিগুলিকে শক্তিশালী করতে মোদী সরকার সমবায় মন্ত্রক গঠন করেছে। সারা দেশে সমবায় সমিতির সংখ্যা প্রায় ৮ লক্ষ এবং প্রায় ৩০ কোটি মানুষ এই সব সমবায় সমিতির সদস্য হিসেবে এদের সঙ্গে সরাসরি যুক্ত। দেশের জনসংখ্যার ৫০ শতাংশ কোন না কোনভাবে সমবায়ের সঙ্গে যুক্ত বলে মন্ত্রী উল্লেখ করেন।

************************

'বিকশিত ভারত' গঠনের জন্য সব রাজ্যের সমগ্র ক্ষেত্রের অগ্রগতি ও বিকাশ অত্যন্ত জরুরী বলে মৎস্য, দুগ্ধ এবং পশুপালন মন্ত্রী রাজীব রঞ্জন সিং জানিয়েছেন। তবে পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত ব্যবহার না করায় তাকে দুর্ভাগ্যজনক বলে আখ্যা দেন মন্ত্রী। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের জবাবে শ্রী সিং বলেন, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা দেশের মৎস্য ক্ষেত্রে এক বিপ্লব এনেছে। প্রস্তাবিত ২২১ কোটি টাকার মধ্যে কেন্দ্র ইতিমধ্যেই ১শো ১৪ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়ে দিলেও তারা মাত্র ৫৮ কোটি টাকা খরচ করেছে। যেকোনো প্রকল্পের সফল রূপায়নের জন্য রাজ্য সরকারের সহযোগিতা অত্যন্ত জরুরী বলে উল্লেখ করেন তিনি।

************************

পানাজিতে এক  সাংবাদিকসম্মেলনে অসাবধানতাবশত "ওসিআই" শব্দটি ব্যবহার করার পর গোয়ার মুখ্য নির্বাচনী আধিকারিক একটি স্পষ্টীকরণ জারি করেছেন। ভোটার Tতালিকার বিশেষ নিবিড় সংশোধন সম্পর্কে কথা বলার সময়, সিইও কর্মকর্তারা নিশ্চিত করেছেন যে গোয়ায় বর্তমানে ৮৮ জন বিদেশী ভোটার আছেন - যাদের সকলেই বিদেশে বসবাসকারী ভারতীয় নাগরিক। নির্বাচন কমিশন তাদের তালিকাভুক্তি ফর্ম জমা দেওয়ার জন্য একটি অনলাইন সুবিধাও প্রদান করেছে। সিইও বলেন যে এই

শব্দটির ভুল ব্যবহার কিছু বিভ্রান্তি তৈরি করেছে এবং ভোটারদের মধ্যে যেকোনো সন্দেহ দূর করার জন্য এই স্পষ্টীকরণ জারি করা হয়েছে।

***********************

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, দেশের অর্থনীতি আরো বেশী করে ডিজিটাইজড হওয়ায় এবং নতুন নতুন অর্থনৈতিক পণ্যের উদ্ভব ঘটায় বিশ্বজুড়ে দেশগুলির মধ্যে সময়মতো তথ্য বিনিময়ের ক্ষেত্রে সহযোগিতা একান্ত প্রয়োজন। পাশাপাশি কর ব্যবস্থাতেও জনগনের আস্থাএওং ন্যায্যতা সুনিশ্চিত করতে হবে। নতুন দিল্লীতে অষ্টাদশ গ্লোবাল ফোরাম পূর্ণাঙ্গ অধিবেশনে অর্থমন্ত্রী বলেন, ভারতে প্রশাসনিক সংস্কার যা হয়েছে করের স্বচ্ছতা সবসময়ে তার চেয়ে বেশী।

(বাইট- নির্মলা)

***********************

মানব বোমা থাকার খবরে কুয়েত থেকে হায়দ্রাবাদগামী ইন্ডিগোর একটি বিমানকে আজ সকাল ৭ টা ৪৫ মিনিট নাগাদ মুম্বাইয়ের শিবাজী মহারাজ আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরী অবতরণ করা নো হয়। কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, বিমানে মানব বোমা আছে বলে একটি ইমেইল আসে। এরপরই বিমানটি নিরাপদে অবতরণ করানো হয়। যাত্রীদের নিরাপত্তা নজরদারীর জন্য আলাদা করে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। তাঁরা সকলেই নিরাপদে আছেন। বোমাতঙ্কের তদন্তের পাশাপাশি সার্বিক নিরাপত্তা সুনিশ্চিত করতে বিমানবন্দর কর্তৃপক্ষ এবং উড়ান সংস্থা, আইন বলবতকারী এজেন্সির সঙ্গে সহযোগিতা করছে। তবে এখনো প্রকৃত ঘটনা প্রকাশ্যে আসেনি। তদন্ত চলছে।

***********************

রাশিয়া ২০৩০ সালের মধ্যে ভারতের সঙ্গে বাণিজ্যের পরিমাণ ১-শো বিলিয়ান ডলারে নিয়ে যেতে চায়। রাশিয়ার প্রথম উপ-প্রধানমন্ত্রী ডেনিস মান্তুরব এক সাক্ষাৎকারে বলেছেন, দু-দেশের সরকার ব্যবসায়ী এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির মধ্যে আরও সমন্বয় প্রয়োজন। ভারতের সঙ্গে সহযোগিতা আরো বাড়বে বলে আশাপ্রকাশ করে মান্তুরব বলেন, যৌথভাবে ভারতে বন্দে ভারত ট্রেন তৈরি একটি উল্লেখযোগ্য সহযোগিতার নিদর্শন। তিনি আরও জানিয়েছেন, দু-দেশের মধ্যে অবাধ বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা শুরু হয়েছে। এর প্রথম দফার বৈঠক নতুন দিল্লিতে সম্প্রতি হয়েও গেছে। দ্বিপাক্ষিক বাণিজ্যের নিয়ন্ত্রক কাঠামো আরও জোরদার করার লক্ষে এই আলোচনা। রাশিয়াকে লক্ষ্য করে পশ্চিমী দেশগুলির নিষেধাজ্ঞা সত্ত্বেও ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য রেকর্ড মাত্রায় পৌঁছেছে বলে তিনি উল্লেখ করেন। গত পাঁচ বছরে ভারত ও রাশিয়ার মধ্যে বাণিজ্যের পরিমাণ সাত গুণ বেড়েছে বলে মন্ত্রী জানান।

************************

পাকিস্তানের জেলবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের সঙ্গে তাঁর দল বা পরিবারের কাউকে এখনও দেখা করতে না দেওয়ায় পাকিস্তান Tehreek-e-Insaf পার্টি পিটিআই, আজ ইসলামাবাদ হাইকোর্ট এবং রাওয়াল পিন্ডির আদিয়ালা জেলের বাইরে প্রতিবাদ বিক্ষোভ আয়োজনের কথা ঘোষণা করেছে। এদিকে, সরকার জনসমাবেশ এবং কারগারে ভিজিটারদের প্রবেশের ওপর নিষেধাজ্ঞা বলবৎ করায় ইমরান খানের শারীরিক অবস্থা নিয়ে উদ্বেগ আরও জোরদার হয়েছে।

ইসলামাবাদ এবং রাওয়ালপিন্ডিতে ১৪৪ ধারা জারি করা হয়েছে।

এদিকে, ইমরান খানের স্বাস্থ্য নিয়ে একের এক গুজব ছড়িয়ে পড়ছে। এমনকি তাঁর মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। পিটিআই নেতা আসাদ কাইজার বলেছেন, সংসদের উভয় কক্ষে বিরোধী সাংসদরা প্রথমে হাইকোর্টের সামনে সমবেত হবেন, তারপর

আদিয়ালা জেলের দিকে মার্চ করে যাবেন। হাইকোর্টের আদেশ রূপায়িত না হওয়ায় এবং জেল প্রশাসন সহযোগিতা না করায় এই প্রতিবাদ বিক্ষোভ প্রয়োজনীয় হয়ে পড়েছে বলে পিটিআই নেতা দাবি করেন। গত সপ্তাহে খাইবার পাকতুনখোয়া প্রদেশের মুখ্যমন্ত্রী আদিয়ালা জেলের বাইরে ধর্না অবস্থানে বসলে কর্তৃপক্ষের সঙ্গে সংঘাত শুরু হয়ে যায়। আটবার তাকে ইমরান খানের সঙ্গে দেখা করতে দেওয়া হয়নি। বেশ কয়েক সপ্তাহ ধরে ইমরান খানের পরিবারের লোকেদের সঙ্গে তাঁকে দেখা করতে দেওয়া হচ্ছে না। আদিয়ালা জেলের আধিকারিকরা অবশ্য যাবতীয় গুজব খারিজ করে দিয়ে বলেছেন ইমরান খানকে জেল থেকে অন্য কোথাও সরানো হয়নি। তার শারীরিক অবস্থা ভালোই আছে। ডাক্তাররা তাঁর দেখভাল করছেন। ইমরান খানের স্বাস্থ্য সম্পর্কিত যাবতীয় গুজবকে জেলকর্তৃপক্ষ ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছে।

২০২২ সালে অনাস্থা ভোটের মাধ্যমে ক্ষমতাচ্যুত হওয়ার পর তার বিরুদ্ধে একাধিক দুর্নীতি এবং সন্ত্রাসবাদ সংক্রান্ত মামলায় অভিযান আনা হয়। ২০২৩-এর আগস্ট মাস থেকে ইমরান খান জেলে বন্দি রয়েছেন। পিটিআই-এর দাবি সরকার ইমরান খানের শারীরিক অবস্থা সম্পর্কে স্পষ্ট ব্যাখ্যা দিক এবং পরিবারের সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা করুক।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার স্বাস্থ্যের বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং তার দ্রুত আরোগ্য কামনা করেছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে শ্রী মোদী বলেছেন, বাংলাদেশের বেগম খালেদা জিয়া বহু বাছর ধরে বাংলাদেশের জনজীবনে বিশেষ অবদান রেখেছেন। প্রধানমন্ত্রী বলেন যে ভারত বাংলাদেশকে সম্ভাব্য সব ধরণের সহায়তা প্রদানের জন্য প্রস্তুত রয়েছে।

***********************

সংযুক্ত আরবআমীরসাহী আজ তাদের ৫৩-তম জাতীয় দিবস উদযাপন করছে। ১৯৭১ সালে ঐক্যের মূল ভাবনা নিয়ে আমীরসাহীর একাধিক অংশ সংযুক্ত হবার ঐতিহাসিক ঘটনা উপলক্ষে আজ ঈদ-আল-ইতিহার পালিত হচ্ছে।

***********************

বাংলাদেশের চট্টগ্রামের কিছু অংশে আজ সকালে মৃদু ভূ-কম্পন অনুভূত হয়। সেদেশের আবহাওয়া দফতর জানিয়েছে, স্থানীয় সময় রাত ১২-৫৫ মিনিট নাগাদ চার দশমিক ৯ রিখটার স্কেল মাত্রার এই ভূমিকম্প হয়েছে। ঢাকা থেকে ৪৩১ কিলোমিটার দক্ষিণ-পূর্বে, মায়ানমারের মিঙ্গিন ছিল এই ভূমিকম্পের কেন্দ্রস্থল।

***********************

মোবাইল হ্যান্ডসেট আসল কিনা তা যাচাই করার উদেশ্যে ভারতে ব্যবহারের জন্য তৈরি বা আমদানি করা সমস্ত মোবাইল সেট গুলিতে সঞ্চার সাথী অ্যাপ আগে থেকে ইনস্টল করার নির্দেশ জারি করেছে ভারত সরকার। এরজন্য প্রয়োজনীয় পদক্ষেপ করতে মোবাইল প্রস্তুতকারক এবং আমদানিকারকদের নির্দেশ দিয়েছে টেলিযোগাযোগ বিভাগ। নির্দেশে বলা হয়েছে, আগে থেকে ইনস্টল করা সঞ্চার সাথী অ্যাপ্লিকেশনটি সহজেই দৃশ্যমান হতে হবে। ভারতে ইতিমধ্যেই তৈরি এবং বিক্রির জন্য প্রস্তুত থাকা ডিভাইসগুলিতে সফ্টওয়্যার আপডেটের মাধ্যমে অ্যাপটি ইন্সটল করার নির্দেশ দেওয়া হয়েছে। টেলিযোগাযোগ বিভাগ আরও বলেছে, ৯০ দিনের মধ্যে এই নির্দেশ কার্যকর করে ১২০ দিনের মধ্যে রিপোর্ট জমা দিতে হবে মোবাইল নির্মাতাদেরকে।

************************************************************